

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ, ঢাকা।

www.supremecourt.gov.bd



নং -৪৫৭/২০২১ এসসি (এডি)

তারিখঃ ০৯/০৩/২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের কোর্ট এসোসিয়েট জনাব মোঃ ইসলাম উদ্দিন-এর জন্ম তারিখ ০৯/০৪/১৯৬২ খ্রি. তারিখ বিধায় সরকারী চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) অনুযায়ী দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ সংক্রান্ত ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ০৮/০৪/২০২১ খ্রি. তারিখ হতে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। উপরিউল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ০৯/০৪/২০২১ খ্রি. তারিখ হতে ০৮/০৪/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ মেহেদী হাসান)

ডেপুটি রেজিস্ট্রার।

নং - ৪৫৭(১-১০)/২০২১ এসসি (এডি)

তারিখঃ ০৯/০৩/২০২১ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। বিজ্ঞ রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

০২। বিজ্ঞ রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

০৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ এর ১০ কপি অত্র কোর্টে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

০৪। চীফ এক্সিকিউটিভ এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০৫। প্রোগ্রামার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের জন্য)।

০৬। জনাব মোঃ ইসলাম উদ্দিন, কোর্ট এসোসিয়েট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

০৭। হিসাবরক্ষক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

০৮। ক্যাশিয়ার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।

০৯। ব্যক্তিগত নথি।

১০। অফিস কপি।

(জহিরুল আলম ভূঁইয়া)

সহকারী রেজিস্ট্রার (প্রঃ)